

## শিক্ষকদের দাবীদাওয়া বিবেচনার সাব-কমিটি

দেশের কলেজ, হাই স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের দাবী দাওয়া বিবেচনার্থে গঠিত ১৬ সদস্য বিশিষ্ট কমিটির তৃতীয় বৈঠক কুইন্সপাতিয়ার শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও কমিটির সদস্য জনাব এম এম এম লুৎফুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। খবর তথা বিবরণীর।

বৈঠকে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের অসদস্যসমূহের পেশ-কৃত দাবীদাওয়া আলোচনা করা হয়। উক্ত দাবী দাওয়া এবং প্রাসংগিক বিষয়াদি যথেষ্ট পর্যালোচনা করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালক ডঃ এ এইচ এম করিমকে আহ্বান করে ১১-সদস্যের একটি টেকনিক্যাল সাব-কমিটি গঠন করা হয়। এদের কমিটিকে ১০ দিনের মধ্যে এর সুপারিশ মূল কমিটির নিকট পেশ করতে পরামর্শ দেয়া হয়েছে।